



**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**  
**৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।**  
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ১৭ ভাদ্র ১৪২৯  
০১ সেপ্টেম্বর ২০২২

**প্রশাসনিক পরিপত্র নং- ৪১ /২০২২**

বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিআরপিডি সার্কুলার নং-১৬, তারিখ ১৮.০৭.২০২২ এবং সংশোধিত বিআরপিডি সার্কুলার নং-৩৩, তারিখ ০৩.০৮.২০২২ এর মাধ্যমে যথাক্রমে বিআরপিডি সার্কুলার নং-১৫, তারিখ ২৩.০৯.২০১২ এবং বিআরপিডি সার্কুলার নং-৬, তারিখ ১৯.০৫.২০১৩ এর নির্দেশনাবলী রহিতকরণপূর্বক ঋণ পুনঃতফসিলিকরণ ও পুনর্গঠন সংক্রান্ত মাস্টার সার্কুলার জারি করা হয়েছে। উক্ত সার্কুলারের আলোকে এতৎসংক্রান্ত একটি নীতিমালা প্রণয়নের আবশ্যিকতা দেখা দিয়েছে। উক্ত নীতিমালা প্রণয়নসহ যাবতীয় কার্যাবলী সম্পাদনের জন্য কর্পোরেশনের নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে 'আইসিবি প্রকল্প ঋণ/বিনিয়োগ এর দায় পুনঃতফসিলিকরণ ও পুনর্গঠন/মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত নীতিমালা-২০২২ প্রণয়ন কমিটি' গঠন করা হলোঃ

ক্র.সং.	নাম	পদ
০১.	মহাব্যবস্থাপক, অপারেশনস্	সভাপতি
০২.	মহাব্যবস্থাপক, অ্যাকাউন্টস্ এন্ড ফাইন্যান্স	সদস্য
০৩.	মহাব্যবস্থাপক, আইসিটি এন্ড ডিপোজিটরি	সদস্য
০৪.	উপ-মহাব্যবস্থাপক, ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লাইন্স ডিভিশন	সদস্য
০৫.	উপ-মহাব্যবস্থাপক, ইমপ্লিমেন্টেশন এন্ড রিকভারি ডিভিশন	সদস্য
০৬.	সহকারী মহাব্যবস্থাপক, অর্গানাইজেশন এন্ড মেথডস্ ডিপার্টমেন্ট	সদস্য
০৭.	সহকারী মহাব্যবস্থাপক, ল' ডিপার্টমেন্ট	সদস্য
০৮.	সহকারী মহাব্যবস্থাপক, রিকভারি ডিপার্টমেন্ট	সদস্য সচিব
০৯.	জনাব এ,কিউ,এম শফিউল আলম, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, রিকভারি ডিপার্টমেন্ট	সদস্য
১০.	জনাব মোঃ মনজুর হোসেন, সিনিয়র অফিসার, রিকভারি ডিপার্টমেন্ট	সদস্য

০২। আলোচ্য কমিটি নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করবেঃ

- ০১) বাংলাদেশ ব্যাংক এর ঋণ পুনঃতফসিলিকরণ ও পুনর্গঠন সংক্রান্ত মাস্টার সার্কুলারের (বিআরপিডি সার্কুলার নং-১৬ তারিখ ১৮.০৭.২০২২ এবং সংশোধিত বিআরপিডি সার্কুলার নং-৩৩ তারিখ ০৩.০৮.২০২২) আলোকে এতৎসংক্রান্ত খসড়া নীতিমালা প্রণয়নপূর্বক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আইসিবি'র ঋণ আদায় সংক্রান্ত রিভিউ ও মনিটরিং কমিটি সমীপে উপস্থাপন করবে;
- ০২) উক্ত সার্কুলারসমূহ প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা ও বিস্তারিত পর্যালোচনা করবে;
- ০৩) আইসিবি'র জন্য স্বতন্ত্র নীতিমালা প্রণয়নের লক্ষ্যে আইসিবি'র বিদ্যমান নীতিমালা "আইসিবি প্রকল্প ঋণ/বিনিয়োগ এর দায় পুনঃতফসিলিকরণ ও ঋণ/বিনিয়োগ এর মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত নীতিমালা-২০২১" পর্যালোচনা ও পরীক্ষা-নিরীক্ষা করবে; এবং
- ০৪) কমিটি খসড়া নীতিমালাটি চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত কর্পোরেশনের ঋণ আদায় সংক্রান্ত রিভিউ ও মনিটরিং কমিটির সুপারিশক্রমে অডিট কমিটি/পরিচালনা বোর্ড/যথাযথ কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করবে।

০৩। সভাপতির অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন। কমিটি প্রয়োজনে কর্পোরেশনের যে কোন কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে।

০৪। এ পরিপত্র অনতিবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

  
(মোঃ আবুল হোসেন)  
ব্যবস্থাপনা পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।